দৈনিক খবর

075

তারিখ 11 JUN 1989
পৃষ্ঠা 7 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষকতাকে ব্রত হিসেবে গ্রহণ করতে হবে

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষকতাকে চাকরি হিসেবে গ্রহণ না করে ব্রত হিসেবে গ্রহণ করার জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, কেবলমাত্র সুরম্য অট্টালিকা বা সুন্দর ভৌত অবকাঠামো শিক্ষার মান বৃদ্ধি করতে পারবে না যতক্ষণ পর্যন্ত না শিক্ষকগণ শিক্ষার গুনগত মান বৃদ্ধি এবং উৎকর্যতা সাধনকরেন।

মন্ত্রী গতকাল শনিবার আকষ্মিকভাবে মহাখালী আবদুল হামিদ দর্জি সরকারী প্রাথমিক বিদ্যালয়, আমতলী সরকারী প্রাথমিক বিদ্যালয়, বিজি প্রেস সরকারী প্রাথমিক বিদ্যালয়, কাকরাইল সরকারী প্রাথমিক বিদ্যালয়, আগামসি লেন সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং কোতোয়ালী থানা শিক্ষা অফিস পরিদর্শন করেন। খবর তথ্য বিবরণী'র।

এসব শিক্ষা প্রতিষ্ঠানের অপরিচ্ছন্ন পরিবেশ ও সঠিকভাবে দায়িত্ব পালনে শিক্ষকদের অনীহা দেখে তিনি অসন্তোষ ব্যক্ত করেন এবং আগামী ৭ দিনের মধ্যে এ অবস্থার উন্নতির নির্দেশ প্রদান করেন।